নেতাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবিতে খাগড়াছড়িতে জেএসএসর বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক, খাগড়াছড়ি:

খাগড়াছড়িতে ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমা হত্যাকাণ্ডের ঘটনায় জেএসএস এমএন লারমা গ্রুপের নেতাকর্মীদের আসামি করে মামলার প্রতিবাদে বিক্ষোভ করেছে জেএসএস খাগড়াছড়ি সদর থানা শাখা। শুক্রবার(১২জানুয়ারি) বিকেল ৩টায় জেলা সদরের মহাজনপাড়াস্থ দলীয় কার্যালয় থেকে বিক্ষোভ মিছিল বের করে চেঙ্গী স্কোয়ারে গিয়ে প্রতিবাদ সমাবেশ করে।

প্রতিবাদ সমাবেশে জেএসএস এমএন লারমা গ্রুপ খাগড়াছড়ি শাখার দপ্তর সম্পাদক অমর সিং চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদ কেন্দ্রীয় কমিটির সভাপতি সুমেধ চাকমা ও সহ-সাধারণ সম্পাদক দীপন চাকমা বক্তব্য রাখেন।

বক্তারা, মিঠুন চাকমা হত্যাকাণ্ডে জেএসএস এমএন লারমা গ্রুপের নেতাদের সম্পৃক্ত করে হয়রানির প্রতিবাদ জানিয়ে অবিলম্বে মামলা প্রত্যাহারের দাবি জানান। মামলা প্রত্যাহার করা না হলে কঠোর কর্মসূচি ঘোষণার হুশিঁয়ারী দেয়া হয় সমাবেশ থেকে।

প্রসঙ্গত, গত ৩ জানুয়ারি দুপুরে খাগড়াছড়ি শহরের স্লুইস গেইট এলাকায় সন্ত্রাসীদের গুলিতে পাহাড়ি আঞ্চলিক সংগঠন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট’র (ইউপিডিএফ) কেন্দ্রীয় নেতা মিঠুন চাকমা নিহত হয়।

মিঠুন চাকমার হত্যাকারীদের গ্রেফতারের দাবিতে ৬ ও ৭ জানুয়ারি পর

পর দু’দিন ইউপিডিএফ’র সড়ক অবরোধ পালনকালে খাগড়াছড়িতে ব্যাপক গাড়ি ভাংচুর, অগ্নিসংযোগ, পুলিশের সাথে সংঘর্ষ এবং আধা সামরিক বাহিনীর বিজিবির গাড়ি বহরে হামলা ও ভাংচুরের ঘটনা ঘটে।

উল্লেখ, প্রতিষ্ঠার দীর্ঘ ১৯ বছর পর গেল বছরের ১৫ নভেম্বর পার্বত্য চট্টগ্রামের প্রভাবশালী পাহাড়ি আঞ্চলিক সংগঠন ইউপিডিএফ ভেঙ্গে ইউপিডিএফ গণতান্ত্রিক নামে আরো একটি সংগঠনের আত্মপ্রকাশ ঘটে। বিভক্তির পর সংগঠনটির কোন নেতাকর্মী প্রথম হত্যাকাণ্ডের শিকার হলেন।